“তোমরা মানুষকে সম্পদ দ্বারা খুশি করতে সক্ষম হবে না। বরং তাদেরকে হাস্যোজ্জল চেহারা ও উত্তম চরিত্র দ্বারা খুশি করো।”

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ সূত্রে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমরা মানুষকে সম্পদ দ্বারা খুশি করতে সক্ষম হবে না।
বরং তাদেরকে হাস্যোজ্জল চেহারা ও উত্তম চরিত্র দ্বারা খুশি করো।”
[হাসান লিগাইরিহী] [এটি হাকিম বর্ণনা করেছেন।]

সাক্ষাতের সময় হাস্যোজ্জ্বল, হাসি-খুশি ও প্রফুল্ল মনে কারো সাথে দেখা করার ফযীলত হাদীসটিতে প্রমাণিত হয়েছে। এছাড়াও এতে মানুষের সাথে সুন্দর আচার-আচরণ, উত্তম লেনদেন, ভালো কথাবার্তা ও ভালো কাজের মর্যাদা বর্ণিত হয়েছে। এসব উত্তম কাজ করা প্রতিটি মানুষেরই সাধ্যের মধ্যে। এসব আচরণই মানব সমাজে পরস্পর ভালোবাসা টেনে আনে এবং মিল-মহব্বত স্থায়ী করে।

https://sunnah.global/hadeeth/bn/show/5500